

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর (পিআইডি)



আঞ্চলিক তথ্য অফিস, ময়মনসিংহ



সংবাদকর্ক : ০২-৯৯৬৬৬১৩৭০ E-mail- pidmymensingh@gmail.com, Facebook: Pid Mymensingh

তথ্যবিবরণী

নম্বর: ৫৯

জাতীয় পর্যায়ে ১২৪তম নজরুল জন্মবার্ষিকী উদযাপনে আলোচনা সভা অনুষ্ঠিত

ত্রিশাল (ময়মনসিংহ) ২৫মে ২০২৩;

‘অগ্নিবীণার শতবর্ষ:বঙ্গবন্ধুর চেতনায় শাণিতরূপ’ প্রতিপাদ্য নিয়ে আজ বিকালে ময়মনসিংহের ত্রিশালে জাতীয় পর্যায়ে জাতীয় কবি কাজী নজরুল ইসলামের ১২৪তম জন্মবার্ষিকী উপলক্ষে আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজিত হয়েছে। ত্রিশালের দরিরামপুরের শহীদ সৈয়দ নজরুল ইসলাম অডিটরিয়ামে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় ও জেলা প্রশাসন ময়মনসিংহের আয়োজনে ৩ দিনব্যাপী (২৫-২৭ মে) অনুষ্ঠানমালার অংশ হিসেবে এই সভা অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে বাংলাদেশ জাতীয় সংসদের উপনেতা বেগম মতিয়া চৌধুরী প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন। তিনি বলেন, জীবনের অনেকটা সময় কবি কাজী নজরুল ইসলাম জীবিত থেকেও নিরব ছিলেন। তার কবিতায় বোঝা যায় তারুণ্যের আবেগ, যৌবনের উচ্ছ্বাস। অথচ যে সময়টাতে তার লেখনি আরো পরিমিত হতে পারত, সে সময়টাতে দুরারোগ্য ব্যাধিতে আক্রান্ত হওয়ায় তিনি আরো পূর্ণাঙ্গতা প্রাপ্তি থেকে বঞ্চিত হন। নজরুলের প্রসঙ্গ এলে অনেকে ধর্মকে সামনে নিয়ে আসতে চায়। অথচ ব্যক্তিজীবনে অনেক মাসুল দিতে হলেও নজরুল অসাম্প্রদায়িকতার চর্চা করেছেন। ধর্মীয় সংকীর্ণতা ছাপিয়ে নজরুল আজ সবার কাছে মহিমাষিত। সৃষ্টি সুখের উল্লাসে তিনি কাব্য রচনা করে গেছেন। দুরারোগ্য ব্যাধির কারণে তাকে পরিপূর্ণভাবে না পাওয়ায় প্রধান অতিথি আক্ষেপ প্রকাশ করেন।

বিশিষ্ট সংগীত শিল্পী, কবি কাজী নজরুল ইসলামের দৌহিত্রী খিলখিল কাজী সভায় সম্মানীয় বক্তা হিসেবে বক্তব্য রাখেন। তিনি বলেন, ১৯৭২ এর ২৪ মে নজরুল ও নজরুল পরিবারকে বাংলাদেশে আনা ছিল বঙ্গবন্ধুর একটি বড় উদ্যোগ। বঙ্গবন্ধুকে কাজী নজরুল অনেক বিষয়ে অনুপ্রাণিত করেছিলেন। নজরুল তার সাহিত্যকর্মে যেভাবে উৎপীড়িত মানুষের কথা বলেছেন, অন্যরা সেভাবে কম বলেছেন।

সভায় স্বাগত বক্তব্য দেন সংস্কৃতি মন্ত্রণালয়ের সচিব খলিল আহমদ। স্মারক বক্তা হিসেবে নজরুল বিষয়ক আলোচনা উপস্থাপন করেন জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. সৌমিত্র শেখর দে।

সংস্কৃতি প্রতিমন্ত্রী কে এম খালিদের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন গৃহায়ন ও গণপূর্ত প্রতিমন্ত্রী শরীফ আহমেদ, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটির সভাপতি সিমিন হোসেন রিমি, ধর্ম বিষয়ক মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটির সভাপতি মোঃ হাফেজ রুহুল আমিন মাদানী, ময়মনসিংহ-৩ আসনের সংসদ সদস্য নাজিম উদ্দিন আহমেদ, ময়মনসিংহ বিভাগীয় কমিশনার মোঃ শফিকুর রেজা বিশ্বাস, ময়মনসিংহ রেঞ্জ ডিআইজি দেবদাস ভট্টাচার্য, ময়মনসিংহ জেলা প্রশাসক মোঃ মোস্তাফিজার রহমান প্রমুখ।

আলোচনা সভা শেষে এক মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়।

#

রিদওয়ান/মনির/দেওয়ান/সজিব/২০২৩/২০:০০ ঘণ্টা